

তারিখঃ ২৮-০৫-২০২২ (পৃঃ ১২, ০২)



## ব্রি বঙ্গবন্ধু ১০০ ধান আশা জাগিয়েছে

নজরুল মৃধা, রংপুর

রংপুরে চাষ হচ্ছে ব্রি বঙ্গবন্ধু-১০০ ধান। উচ্চফলনশীল এ ধান আশা জাগিয়েছে কৃষকের মধ্যে। জিঙ্কসমৃদ্ধ এ ধান কৃষকের মধ্যে ব্যাপক আকারে ছড়িয়ে দিতে পারলে দেশে ব্রি ধানের ক্ষেত্রে বৈপ্রবিক এরপর পৃষ্ঠা ২ কলাম ২

## ব্রি বঙ্গবন্ধু ১০০ ধান

[পেছনের পৃষ্ঠার পর] পরিবর্তন আসবে বলে মনে করছেন কৃষিসংশ্লিষ্টরা।

কৃষি অফিস সূত্রে জানা গেছে, জিঙ্কসমৃদ্ধ ব্রি বঙ্গবন্ধু-১০০ নতুন জাতের এ ধানটি আধুনিক উফশী ধানের মতো। এটি বোরো মৌসুমের জাত। পূর্ণবয়স্ক ধান গাছের উচ্চতা ১০১ সেন্টিমিটার। ১৪০-১৪৫ দিনের মাথায় এ ধান ঘরে তোলা যাবে। এ ধানে জিঙ্ক রয়েছে ২৫৭ মিলিগ্রাম। এটি দেখতে নাজিরশাইল বা জিরা ধানের দানার মতো। বঙ্গবন্ধু ব্রি-১০০ ধানের গড় ফলন হেক্টরপ্রতি সাড়ে ৬ থেকে ৭ মেট্রিক টন। চালের গড় ফলন সাড়ে ৪ থেকে ৫ মেট্রিক টন। তবে অনুকূল পরিবেশ ও উপযুক্ত পরিচর্যা পেলে হেক্টরপ্রতি এর ফলন বাড়তে পারে।

রংপুর কৃষি অফিসের সূত্রমতে এ ধান এবারই রংপুরে প্রথম চাষ করা হয়েছে। জেলার আট উপজেলায় প্রায় ৬০ বিঘা অর্থাৎ ৮ হেক্টর জমিতে এ ধানের আবাদ হয়েছে। বর্তমানে এ ধানের বয়স ১২০-১২৫ দিন। আর সপ্তাহ দুয়েক পর এ ধান কাটা-মাড়াই শুরু হবে। কৃষি সম্প্রসারণ অধিদফতর খামারবাড়ি ঢাকার অতিরিক্ত উপপরিচালক আবু সায়েম বলেন, 'জিঙ্কের অভাবে মানুষ পুষ্টিহীনতায় ভোগে। আমাদের দেশে অধিকাংশ নারী ও শিশু জিঙ্কের অভাবে বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। এ ধান মানুষের দেহে রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে দেবে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (বিআরআরআই) বিজ্ঞানীরা এ জাতের ধান উদ্ভাবন করেছেন। এর সুফল কৃষকের কাছে যত দ্রুত পৌঁছে দেওয়া যাবে ততই দেশের মঙ্গল হবে।'

রংপুর সদরের উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা পরিমল সরকার, কৃষক আবদুর রশিদ ও শাহ আলম জানান, ডিসেম্বরে এ নতুন জাতের ধানের বীজ বপন করা হয়েছে। এখন ধান কাটার সময়। আবহাওয়া অনুকূলে থাকায় লক্ষ্যমাত্রার চেয়ে বেশি ফলনের সম্ভাবনা রয়েছে।

রংপুর কৃষি সম্প্রসারণ অধিদফতরের উপপরিচালক ওবায়দুর রহমান মন্ডল বলেন, 'জেলায় প্রায় ৬০ বিঘা জমিতে প্লট আকারে এ ধান পরীক্ষামূলকভাবে চাষ করা হয়েছে। কৃষকের জমিতে এ ধান আবাদ করা হলেও সার্বিক দেখাশোনা করেছে কৃষি বিভাগ। আগামী দুই সপ্তাহের মধ্যে এ ধান কৃষক ঘরে তুলতে পারবেন।' আগামীতে এ ধান দেশের খাদ্য উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।



Farmers are busy harvesting Boro paddy at a field in Gumaibeel area under Rangunia upazila of Chittagong. The photo was taken on Friday.

-STAR MAIL

## Farmers get high yield of Bangabandhu dhan100

**RANGPUR:** Farmers are happy after getting high yield of zinc-enriched Bangabandhu dhan100 paddy in Rangpur region.

In the last two days, farmers were harvesting six varieties of rice including Bangabandhu dhan100 at different areas of the region.

Farmers got high yield of Bangabandhu dhan100 rice evolved by Bangladesh Rice Research Institute (BRRI), reports BSS.

In Kawnia upazila of Rangpur, Upazila Agriculture Officer of the DAE Agriculturist Shahnaj Parvin attended the crop harvesting functions on exhibition plots of farmers Abdul Mazid Sarker at village Balapara Hariswar, Morshia Begum of village Butchara and Nurun Nabi of village Char Shabdi as the chief guest.

Agriculture Extension Officer at Kawnia Upazila Agriculture Office Mohammad Rakib Alam attended the functions as special guest.

In Taraganj upazila of Rangpur, Sub-assistant Agriculture Officer Badsha Alamgir Bakshi attended the function on the exhibition plot of farmer Shahjahan

Ali Shipul in village Alampur as the chief guest.

Besides, the crop harvesting functions on exhibition plots of farmers Abul Kalam Azad in village Khoddo Komarpur and Shorab Hossain in village Bhatgram of Sadullapur upazila in Gaibandha and Sushil Chandro in village Sarartari of Sadar upazila and Keramot Ali in village Purbo Bhelabari of Aditmari upazila in Lalmonirhat.

In all exhibition plots, farmers harvested six varieties of rice including BRRI dhan28, BRRI dhan74, BRRI dhan81, BRRI dhan84, BRRI dhan88 and Bangabandhu dhan100 rice.

"Farmers got maximum yield rates between 7.30 tonnes and 7.50 tonnes of dry paddy of Bangabandhu dhan100 rice while yield rates of other varieties remained between 5.50 and six tonnes per hectare of land," the release added.

Agriculturist Shahnaj Parvin stressed on expanding cultivation and consumption of zinc-enriched rice varieties like BRRI dhan74 to meet zinc deficiency of common people and enhance their disease resistant capacity.